# বাংলাদেশ পেট্রোলিয়াম ইন্সটিটিউট

## জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ

সেক্টর - ৮, প্লট - ৫/এ, উত্তরা মডেল টাউন, ঢাকা-১২৩০
bpi.gov.bd

**বিষয়: অক্টোবর/২০২১ মাসে অনুষ্ঠিত সমন্বয় সভার কার্যবিবরণী।**

সভাপতি : জনাব মোঃ আমিনুল ইসলাম,
মহাপরিচালক
বাংলাদেশ পেট্রোলিয়াম ইন্সটিটিউট।

সভার তারিখ : ২৪ অক্টোবর, ২০২১

সভার সময় : সকাল ১২.০০ ঘটিকা

স্থান : বিপিআই সম্মেলন কক্ষ।

উপস্থিতি : সংযুক্তি 'ক'

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন।

২। অতঃপর সভায় নিম্নরূপ আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়:

| নং | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| ১। | সভার প্রারম্ভে গত সেপ্টেম্বর মাসের সমন্বয় সভার কার্যবিবরণীতে কোনোরূপ সংশোধনীর প্রয়োজন আছে কিনা তা জানতে চাওয়া হলে উপস্থিত সকল কর্মকর্তা জানান যে কোনোরূপ সংশোধনের প্রয়োজন নাই। | কোনো সংশোধনী না থাকায় বিগত মাসের মাসিক সমন্বয় সভার কার্যবিবরণী দৃঢ়ীকরণ করা হয়। | পরিচালক (প্রশাসন ও প্রশিক্ষণ) |
| ২। | সভায় অক্টোবর, ২০২১ মাসের বিদ্যুৎ, গ্যাস, টেলিফোন, পানি, Wifi ইত্যাদি বিল যথাসময়ে পরিশোধ করা হয়েছে কিনা জানতে চাওয়া হলে উপস্থিত সংশ্লিষ্ট কর্মকর্তা জানান, নির্ধারিত সময়ের মধ্যে বিলসমূহ পরিশোধের ব্যবস্থা গ্রহণ করা হয়েছে। | যথাসময়ে বিদ্যুৎ, গ্যাস, টেলিফোন, পানি, Wifi ইত্যাদি বিলসমূহ পরিশোধ অব্যাহত রাখতে হবে। | ১। উপপরিচালক<br>২। সহকারী পরিচালক, হিসাব শাখা |
| ৩। | সভায় জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ হতে চাহিত তথ্যাদি ও প্রশাসনিক বিবিধ প্রতিবেদন মন্ত্রণালয়ে প্রেরণের বিষয়ে জানতে চাওয়া হয়। উপপরিচালক ও সহকারী পরিচালক (প্রশাসন) সভাকে জানান, মাসিক ও পাক্ষিক প্রতিবেদনসমূহ মন্ত্রণালয়ে যথাসময়ে প্রেরণ করা হয়েছে এবং সকল প্রাপ্ত চিঠি নিষ্পত্তি করা হয়েছে। এপিএ/ইনোভেশন/শুদ্ধাচার সংক্রান্ত নির্ধারিত সভা/প্রমাণক যথাসময়ে অনুষ্ঠান ও উপস্থাপন করার জন্য সভাপতি নির্দেশনা দেন। | যথাসময়ে প্রতিবেদন ও পত্র নিষ্পত্তিতে আরও যত্নবান হতে হবে।তাছাড়া,এপিএ/ইনোভেশন/শুদ্ধাচার সংক্রান্ত নির্ধারিত সভা/প্রমাণক যথাসময়ে অনুষ্ঠান ও উপস্থাপন করতে হবে। | ১। পরিচালক (প্রশাসন ও প্রশিক্ষণ)<br>২। সহকারী পরিচালক, প্রশাসন শাখা<br>৩। এপিএ ও ইনোভেশন টিমের কর্মকর্তাগণ |

Zubayer  Shahadat

2

| | | | |
|---|---|---|---|
| ৪। | সভায় হিসাব শাখার পেন্ডিং প্রতিবেদন বিষয়ে জানতে চাওয়া হলে হিসাব শাখার সহকারী পরিচালক জানান, হিসাব শাখার মাসিক ও পাক্ষিক প্রতিবেদনসমূহ যথাসময়ে প্রেরণের ব্যবস্থা গ্রহণ করা হয়েছে । | আর্থিক প্রতিবেদনসমূহ যথাসময়ে মন্ত্রণালয়ে প্রেরণ করার বিষয়ে যত্নবান হওয়ার জন্য সভাপতি নির্দেশনা দেন। | সহকারী পরিচালক, হিসাব শাখা |
| ৫। | সভায় প্যানেল হতে সহকারী পরিচালকের শূন্য পদে জনাব আসাদুজ্জামানের নিয়োগের বিষয়টি অবহিত করা হয়। সভাপতি নবযোগদানকৃত সহকারী পরিচালক-কে স্বাগত জানান। | নবযোগদানকৃত কর্মকর্তা দায়িত্বশীলতার সাথে নিজ দায়িত্ব পালন করবেন মর্মে সভায় আশাবাদ ব্যক্ত করা হয়। | ১। পরিচালক (প্রশাসন ও প্রশিক্ষণ)<br>২। সহকারী পরিচালক, প্রশাসন শাখা |
| ৬। | সভায় অক্টোবর মাসের প্রশিক্ষণ ক্যালেন্ডার সংক্রান্ত অগ্রগতি জানতে চাওয়া হলে উর্ধ্বতন বৈজ্ঞানিক কর্মকর্তা জানান, অক্টোবর মাসে **'Design, Construction, Operation & Maintenance of Gas Pipeline'** শীর্ষক একটি প্রশিক্ষণ আয়োজিত হয়েছে এবং **'Annual Confidential Report (ACR) Writing'** শীর্ষক একটি প্রশিক্ষণ চলমান রয়েছে। | প্রশিক্ষণ ক্যালেন্ডার অনুযায়ী সকল প্রশিক্ষণ যথাসময়ে আয়োজন করতে হবে। | ১। পরিচালক (প্রশাসন ও প্রশিক্ষণ)<br>২। উর্ধ্বতন বৈজ্ঞানিক কর্মকর্তা<br>৩। বৈজ্ঞানিক কর্মকর্তা (প্রশিক্ষণ) |
| ৭। | বিপিআই এর প্রশাসনিক কার্যক্রম সংস্কারের অংশ হিসেবে পরামর্শক প্রতিষ্ঠান নিয়োগ বিষয়ক আলোচনায় সংশ্লিষ্ট কর্মকর্তারা জানান, IIFC নামক প্রতিষ্ঠান হতে বিপিআই-এর অর্গানোগ্রাম পুনর্গঠনের জন্য একটি আর্থিক প্রস্তাব পাওয়া গেছে। এ ব্যাপারে সিনিয়র সচিব মহোদয়ের সভাপতিত্বে IIFC-এর প্রতিনিধির সমন্বয়ে একটি সভা অনুষ্ঠানের প্রক্রিয়া চলমান রয়েছে। | উল্লিখিত সভা আয়োজন তরান্বিত করতে হবে। | ১। পরিচালক (প্রশাসন ও প্রশিক্ষণ)<br>২। সহকারী পরিচালক, প্রশাসন শাখা |
| ৮। | বিপিআই এর প্রশাসনিক কার্যক্রম সংস্কারের অংশ হিসেবে প্রদেয় ভবিষ্য তহবিল বিষয়ক আলোচনায় গৃহীত ব্যবস্থা সম্পর্কে জানতে চাওয়া হলে সংশ্লিষ্ট কর্মকর্তারা জানান, প্রদেয় ভবিষ্য তহবিল সম্পর্কিত কার্যক্রম চলমান রয়েছে। অর্থ বিভাগের সাথে যোগাযোগ করে প্রদেয় ভবিষ্য তহবিল বিধিমালা উপস্থাপনের গাইডলাইন গ্রহণের বিষয়ে আলোচনা করা হয়। সভাপতি প্রয়োজনীয় সংযুক্তিসহ ফাইল প্রস্তুত করে জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগে অবিলম্বে প্রেরণ করার নির্দেশনা প্রদান করেন। | অর্থ বিভাগ হতে নমুনা ফাইল সংগ্রহ করে যথাযথভাবে ফাইল প্রস্তুত করে জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগে অবিলম্বে প্রেরণ করতে হবে। | ১। উপপরিচালক<br>২। সহকারী পরিচালক, হিসাব শাখা |

| | | | |
|---|---|---|---|
| ৯। | বিপিআই এর গবেষণা খাতে ২ লক্ষ টাকার বাজেট রয়েছে। এ প্রসঙ্গে সংশ্লিষ্ট কর্মকর্তারা জানান, এ বাজেটের যথার্থ ব্যবহারের মাধ্যমে বিপিআই-এর গবেষণার পরিধি সমৃদ্ধ করা সম্ভব । সভাপতি গবেষণা খাতে নতুন উদ্ভাবনী ধারণা বিষয়টির অগ্রগতি না থাকায় অনতিবিলম্বে সভা আহ্বান করে তা বাস্তবায়নের নির্দেশনা দেন। | সকল কর্মকর্তাকে সম্মিলিতভাবে উদ্ভাবনী প্রস্তাবনা প্রস্তুত করতে হবে। ১৮/১১/২০২১ তারিখে এ বিষয়ে সভা আহ্বান করতে হবে। | ১। উর্ধ্বতন বৈজ্ঞানিক কর্মকর্তা<br>২। সহকারী পরিচালক (সকল)<br>৩। বৈজ্ঞানিক কর্মকর্তা (সকল) |
| ১০। | বিপিআই এ লার্নিং সেশনের অংশ হিসেবে বুক রিভিউ-কে অন্তর্ভুক্ত করার ব্যাপারে আলোচনা করা হয়। সভাপতি বরাবরের মত বুক রিভিউ কার্যক্রম চালিয়ে যাওয়ার জন্য নির্দেশনা প্রদান করেন। | লার্নিং সেশনের অংশ হিসেবে বুক রিভিউ কার্যক্রম চলমান থাকবে। | ১। কর্মকর্তা (সকল) |
| ১১। | বিপিআই-এর ২০২১-২২ অর্থবছরের ক্রয় পরিকল্পনা তৈরি করা হয়েছে। উপপরিচালক, বিপিআই এ বিষয়ে সভাকে অবহিত করেন। ইতোমধ্যে 'বার্ষিক ক্রয় পরিকল্পনা' ওয়েবসাইটে আপলোড করা হয়েছে। খুব দ্রুততার সাথে ব্যবহারের অযোগ্য ভঙ্গুর মালামাল অকেজো ঘোষণা করে নতুন প্রিন্টার, ডেস্কটপ কম্পিউটার সহ আনুষঙ্গিক সরঞ্জামাদি ক্রয় পরিকল্পনার আওতায় কেনাকাটা করার বিষয়ে নির্দেশনা প্রদান করা হয়। | অকেজো মালামাল নিলাম প্রক্রিয়ায় অকেজো ঘোষণা করতে হবে। Public Procurement Act 2006 ও Public Procurement Rules 2008-এর গাইডলাইন অনুযায়ী খুব দ্রুততার সাথে বার্ষিক ক্রয় পরিকল্পনার আওতায় কেনাকাটা করতে হবে। | ১। প্রধান বৈজ্ঞানিক কর্মকর্তা<br>২। উর্ধ্বতন বৈজ্ঞানিক কর্মকর্তা<br>৩। সহকারী পরিচালক, ভান্ডার শাখা (২ জন) ও ক্রয় কমিটি |
| ১২। | বিপিআই-এর বঙ্গবন্ধু কর্নার স্থানান্তর করার বিষয়ে সভায় আলোচনা করা হয়। পুরোপুরি খালি কক্ষ না থাকায় বঙ্গবন্ধু কর্নার পূর্বতন কক্ষে রাখার বিষয়ে মতামত প্রকাশ করা হয়। ভবিষ্যতে বিপিআই-এর পরিসর আকারে বৃদ্ধি পেলে পৃথক কক্ষে বড় আঙ্গিকে বঙ্গবন্ধু কর্নার স্থানান্তর করার জন্য তিনি নির্দেশনা দেন। | বঙ্গবন্ধু কর্নার পূর্বের মতই লাইব্রেরির কর্নারে রাখতে হবে। | ১। পরিচালক (প্রশাসন ও প্রশিক্ষণ)<br>২। সহকারী পরিচালক, লাইব্রেরী শাখা |

| | | | |
|---|---|---|---|
| ১৩। | বিপিআই-এর প্রধান ফটকের উপরে বিপিআই-এর নামখচিত এলইডি ডিসপ্লে স্থাপন করার বিষয়ে আলোচনা করা হয়। সভাপতি দ্রুততার সাথে এলইডি ডিসপ্লে স্থাপন করার পরামর্শ দেন। | বিপিআই-এর প্রধান ফটকের উপরে বিপিআই-এর নামখচিত এলইডি ডিসপ্লে স্থাপন করতে হবে। | ১। উর্ধ্বতন বৈজ্ঞানিক কর্মকর্তা<br>২। সহকারী পরিচালক, ভান্ডার শাখা। |

৩। সভায় আর কোনো আলোচ্য বিষয় না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

স্বা:/
২৫/১০/২০২১
(মোঃ আমিনুল ইসলাম)
মহাপরিচালক
বাংলাদেশ পেট্রোলিয়াম ইন্সটিটিউট

নং-২৮.০৪..০০০০..০০৩.০৬.০০১.১৮-৫৬৭

তারিখ : ২৫ অক্টোবর,২০২১
৯ কার্তিক, ১৪২৮

সদয় অবগতি/অনুলিপি/প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো :

(১) সিনিয়র সচিব, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ, বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
(২) পরিচালক, প্রশাসন ও প্রশিক্ষণ অনুবিভাগ, বাংলাদেশ পেট্রোলিয়াম ইন্সটিটিউট
(৩) প্রধান বৈজ্ঞানিক কর্মকর্তা, বাংলাদেশ পেট্রোলিয়াম ইন্সটিটিউট
(৪) উর্ধ্বতন বৈজ্ঞানিক কর্মকর্তা, বাংলাদেশ পেট্রোলিয়াম ইন্সটিটিউট
(৫) সহকারী পরিচালক (সকল), বাংলাদেশ পেট্রোলিয়াম ইন্সটিটিউট
(৬) বৈজ্ঞানিক কর্মকর্তা (সকল), বাংলাদেশ পেট্রোলিয়াম ইন্সটিটিউট
(৭) সহকারী পরিচালক (প্রশাসন), বাংলাদেশ পেট্রোলিয়াম ইন্সটিটিউট
(৮) সহকারী পরিচালক (হিসাব শাখা), বিপিআই।
(৯) হিসাব রক্ষক কাম ক্যাশিয়ার, বিপিআই।
(১০) মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, বিপিআই।
(১১) অফিস কপি।

২৫/১০/২০২১
(মোঃ আমিনুল ইসলাম)
মহাপরিচালক
বাংলাদেশ পেট্রোলিয়াম ইন্সটিটিউট